

শ্রী ২২২২  
০১/০৬/২০২১

মুজিববর্ষের অঙ্গীকার  
ঘরে ঘরে গ্রন্থাগার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম  
www.publiclibrary.chittagongdiv.gov.bd



নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯.১৪৮

তারিখ: ২৭ জুলাই ২০২১

বিষয়: জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

সূত্র: গণগ্রন্থাগার অধিদপ্তরের ২৬/০৭/২০২১ খ্রি. তারিখের ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯ (অংশ-১). ১১১৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে 'জাতীয় শোক দিবস ২০২১' উপলক্ষে চট্টগ্রাম বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃক চট্টগ্রাম জেলার সর্বস্তরের প্রতিযোগীদের কাছ থেকে নিম্ন শর্তাধীনে রচনা ও চিত্রকর্ম আহ্বান করা যাচ্ছে:

ক) রচনা প্রতিযোগিতার তথ্য:

গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার সময়সীমা ও স্থান
ক	৫ম-৮ম	ছোটদের প্রিয় বঙ্গবন্ধু	১০০০	২১.০৮.২০২১ খ্রি. বেলা ২.০০ টার মধ্যে চট্টগ্রাম
খ	৯ম-১২শ	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	১২০০	বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (৯২, সদরঘাট রোড,
গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধু ও বাঙ্গালী সংস্কৃতি, ঐতিহ্য	১৫০০	কেপিএম ভবনের ৩য় তলা)-এ সরাসরি/ডাকযোগে/
ঘ	সর্বসাধারণ ('ক-গ' ব্যতিত)	১৫ আগস্ট ইতিহাসের বিষাদময় অধ্যায়	১৮০০	dgplchittagong@gmail.com ই-মেইলে জমা
ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বঙ্গবন্ধু থেকে জাতির পিতা	১০০০	দেয়া যাবে।

খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতার তথ্য:

গ্রুপ	বয়স সীমা	চিত্রাঙ্কনের বিষয়	চিত্রাঙ্কন জমা দেয়ার সময়সীমা ও স্থান
ক	অনূর্ধ্ব-৭ বছর (যাদের জন্ম ২২/০৮/২০১৪ বা তার পরে)	উন্মুক্ত	২১.০৮.২০২১ খ্রি. দুপুর ২.০০ টার মধ্যে
খ	অনূর্ধ্ব-১২ বছর (যাদের জন্ম ২২/০৮/২০০৯ হতে ২১/০৮/২০১৪ এর মধ্যে)	স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু	উপরোক্ত ঠিকানায় সরাসরি/কুরিয়ার/ডাকযোগে জমা দিতে হবে।
গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত	

শর্তাবলি:

- ১। রচনা A4 সাইজের কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ২। রচনার কভার পৃষ্ঠায়/টপসিটে প্রতিযোগীর নাম, পিতা-মাতার নাম, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম অবশ্যই থাকতে হবে।
- ৩। ক, খ ও গ-গ্রুপের রচনার সাথে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রত্যয়নপত্র/স্টুডেন্ট আইডি, ঘ-গ্রুপের রচনার সাথে জাতীয় পরিচয়পত্র এবং ঙ-গ্রুপের রচনার সাথে প্রতিবন্ধী সনদের ফটোকপি জমা দিতে হবে।
- ৪। চিত্রাঙ্কন: যোগ্যতা অনুযায়ী প্রতিযোগী কর্তৃক লিগ্যাল সাইজের/কোয়ার্টার সিটের আর্টপেপারে নিজ বাসা থেকে স্বহস্তে প্রস্তুতকৃত চিত্রকর্মের বিপরীত পৃষ্ঠায় প্রতিযোগীর নাম, জন্ম তারিখ, পিতা-মাতার নাম, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক জন্মসনদের ফটোকপিসহ উল্লিখিত ঠিকানায় সরাসরি/কুরিয়ার/ডাকযোগে জমা দিতে হবে।

প্রতিযোগিতার বিজ্ঞপ্তি, ফলাফল ও পুরস্কার প্রদান সংক্রান্ত যাবতীয় সংবাদ publiclibrary.chittagongdiv.gov.bd ওয়েব পোর্টাল ও ফেইজবুক পেইজ: www.facebook.com/ctgdgpl-তে প্রকাশ করা হয়।

২৭.০৭.২০২১

এ.এইচ.এম. কামরুজ্জামান  
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক  
ফোন: ০২৪১-৩৬০২৫৩

নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.২৩.০০২.১৯. ১৪৮/১(৫০)

তারিখ: ২৭ জুলাই ২০২১

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতাক্রমে নয়):

১. রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/..... চট্টগ্রাম।
২. রেজিস্ট্রার, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়/সাদার্ন বিশ্ববিদ্যালয়/আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়/..... বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩. অধ্যক্ষ, চট্টগ্রাম সরকারি কলেজ/সরকারি সিটি কলেজ/সরকারি কমার্স কলেজ/সরকারি মহিলা কলেজ/..... কলেজ, চট্টগ্রাম।
৪. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম (বহল প্রচারের অনুরোধসহ)।
৫. অধ্যক্ষ/সুপারিনটেনড্যান্ট, ..... কলেজ/মাদ্রাসা, চট্টগ্রাম।
৬. উপপরিচালক, বিভাগীয় তথ্য অফিস/জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম (বহল প্রচারের অনুরোধসহ)।
৭. প্রধান শিক্ষক, ..... সরকারি/সিটি কর্পোরেশন..... স্কুল, চট্টগ্রাম।
৮. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমি, চট্টগ্রাম/জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম।
৯. বার্তা সম্পাদক, দৈনিক আজাদী/পূর্বকোণ/চট্টগ্রাম মঞ্চ/সুপ্রভাত বাংলাদেশ/....., চট্টগ্রাম (প্রেস বিজ্ঞপ্তি)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতাক্রমে নয়):

- ১) মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩) জেলা প্রশাসক, চট্টগ্রাম।



২৭.০৭.২০২১  
(মোঃ আব্বাহ আলী)  
সহকারী পরিচালক  
মোবা: ০১৯১৫-১০৫৫৮৪